

আইন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং USAID এর সাথে MOU চুক্তি স্বাক্ষর



১৯ মার্চ, ২০১৯-মঙ্গলবার বেলা ১২ ঘটিকায় আইন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং USAID এর Democracy International প্রতিষ্ঠানের সঙ্গে Memorandum of Understanding (MoU) চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান উপাচার্যের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

আইন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর পক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. সরকার আলী আক্কাস এবং USAID এর পক্ষে ডেপুটি চিপ অব পার্টি জনাব নন্দ লাল সূত্রধর চুক্তি স্বাক্ষর করেন। এসময় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, আইন অনুষদের ডিন জনাব খ্রীস্টিন রিচার্ডসন, রেজিস্ট্রার প্রকৌশলি মোঃ ওহিদুজ্জামান এবং বিভাগীয় শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত চুক্তিতে অন্তর্ভুক্ত বিষয়গুলোর মধ্যে উল্লেখযোগ্য আইন বিভাগে একটি ল-ক্লিনিক স্থাপন করা হবে, যেখানে আইন বিষয়ক কমিউনিটি সার্ভিস এর ব্যবস্থা থাকবে এবং বিভাগীয় শিক্ষার্থীদের ডিস্ট্রিক লিগ্যাল অফিসে ইন্টার্নশিপে পাঠানো হবে এতে করে তারা আরো কৌশলী ও অভিজ্ঞ হবে। এছাড়াও বিভিন্ন সেমিনার এবং ওয়ার্কশপ এর আয়োজন করা হবে।